

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

**বিষয়: অর্থ বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

|              |   |
|--------------|---|
| সভাপতি       | বেগম সেলিনা আখতার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | ১৩/১০/২০২০, সকাল ১১.০০ ঘটিকা  |
| স্থান        | কক্ষ নং- ২০৪, ভবন নং-৭, অর্থ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা।                                    |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট- 'ক'**।

সভার প্রারম্ভে সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার, অর্থ বিভাগ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুন্সী আবদুল আহাদ আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী অর্থ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০২০-২০২১ এর প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) অর্থ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০২০-২০২১ এর প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়।
- খ) অর্থ বিভাগের উপসচিব (প্রশিক্ষণ) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১ দিনের ০৩ টি কর্মশালা/সেমিনার, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণের আয়োজন করবে।
- গ) অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে নিয়মিত পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- ঘ) আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ইনোভেশন টিমের সভার আয়োজন করতে হবে।
- ঙ) আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে নূন্যতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের অফিস আদেশ জারি করতে হবে।
- চ) অর্থ বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার তালিকা অনুমোদন করা হয়।

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

১৪/১০/২০২০

(বেগম সেলিনা আখতার)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

=০২=

নম্বর: ০৭.০০.০০০০.০৩৩.০৫.০০৯.২০-২২১


তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ  
১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

**বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। অতিরিক্ত সচিব (সামষ্টিক অর্থনীতি)/(বাজেট-১)/(প্রশাসন ও সমন্বয়)/(আইন উপদেষ্টা)/(বাজেট ও পরিকল্পনা)/(প্রশাসন), অর্থ বিভাগ।
- ০২। যুগ্মসচিব (প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (BACS & iBAS ++)) SPFMS প্রোগ্রাম, সেগুনবাগিচা, ঢাকা, অর্থ বিভাগ।
- ০৩। উপসচিব (প্রশিক্ষণ)/(বাজেট-১)/(সাম-পূর্বাভাস), অর্থ বিভাগ।
- ০৪। সিস্টেমস এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ-**

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ০৩। অফিস কপি।

  
মুন্সী আবদুল আহাদ  
যুগ্মসচিব